

পরিপত্র

বিষয়ঃ “আন্তর্জাতিক শান্তি দিবস (International Peace Day)” উদযাপন সম্পর্কীয়।


Messengers of Peace বিশ্ব স্কাউট সংস্থার একটি শান্তি উদ্যোগ। এই কার্যক্রমের আওতায় বিশ্ব স্কাউট সংস্থার বিভিন্ন সদস্য দেশগুলোতে স্কাউটিং এর আদর্শ ও নীতিমালার আলোকে বিশ্বব্যাপী শান্তি প্রতিষ্ঠার জন্য বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রতিবারের ন্যায় এবারোও বিশ্ব স্কাউট সংস্থার সদস্য দেশসমূহে Messengers of Peace এর আওতায় আগামী ২১ সেপ্টেম্বর ২০১৯ তারিখে বিশেষ গুরুত্বের সাথে ‘আন্তর্জাতিক শান্তি দিবস’ উদযাপন করা হবে। বাংলাদেশ স্কাউটস এর Messengers of Peace বিভাগের আওতায় আগামী ২১ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ‘আন্তর্জাতিক শান্তি দিবস’ উদযাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এবারের আন্তর্জাতিক শান্তি দিবসের বিষয়বস্তু “Climate Action for Peace”। দিবসটি উদযাপন উপলক্ষে জাতীয় সদর দফতরের পাশাপাশি বাংলাদেশ স্কাউটস এর সকল অঞ্চল, জেলা, উপজেলা স্কাউটস ও ইউনিটসমূহ নিম্নবর্ণিত এক বা একাধিক কার্যক্রম আয়োজন করে দিবসটি গুরুত্বের সাথে উদযাপন করার জন্য অনুরোধ করা হলো।

১. **Peace Run** : আন্তর্জাতিক শান্তি দিবস উপলক্ষে জনসচেতনতা তৈরীর ব্যাপারে স্কাউট ও রোভার স্কাউটদের মাধ্যমে চ্যারিটি/সেবামূলক কার্যক্রম আয়োজন করা যেতে পারে। উক্ত কার্যক্রমসমূহে স্কাউটদের পাশাপাশি নন-স্কাউট ও স্থানীয় জনসাধারণকে আমন্ত্রণ জানানো যেতে পারে।
২. **Peace Rally** : নির্দিষ্ট স্থান থেকে স্কাউট/রোভার স্কাউটদের অংশগ্রহণে একটি র্যালি আয়োজন করা যেতে পারে। প্রত্যেকের কাছে ০১ টি করে পিস কার্ড থাকবে। পিস কার্ডের নমুনা বাংলাদেশ স্কাউটস এর ওয়েব সাইটে পাওয়া যাবে। প্রেছামে কোন ব্যানার ব্যবহার করা হলে ব্যানারের ডিজাইন বাংলাদেশ স্কাউটস এর ওয়েব সাইট থেকে ডাউনলোড করে নেয়া যাবে।
৩. **Trees for Peace** : এসডিজি বাস্তবায়নে টেকসই উন্নয়ন, বিশ্বব্যাপী পরিবেশ সংরক্ষণ ও তরুণদের পরিবেশগত প্রভাব সম্পর্কে সচেতনতার লক্ষ্যে জেলা, উপজেলা স্কাউটস ও ইউনিটের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি চালান করা যেতে পারে। এটি এ বছরের প্রতিপাদ্য বিষয় “Climate Action for Peace” এর , সাথে সম্পৃক্ত।
৪. **Youth Speech for Peace** : স্থানীয়ভাবে স্কাউট ও ননস্কাউটদের অংশগ্রহণে সমাজ উন্নয়ন সমাবেশ আয়োজন করা যেতে পারে, যেখানে যুব বয়সী ছেলেমেয়েরা শান্তির জন্য কিভাবে কাজ করতে হবে সে বিষয়ে আলোচনা ও অভিজ্ঞতার বিনিময় করতে পারে। একই সাথে আন্তর্জাতিক শান্তি প্রতিষ্ঠায় কোন সাফল্যের গল্প থাকলে তা উপস্থাপন করতে পারে।
৫. **Peace Pledget** : স্কাউট ও রোভার স্কাউটরা শান্তির বার্তায়ুক্ত পিস কার্ডসহ সেলফি তুলে বাংলাদেশ স্কাউটস এর মেসেঞ্জার অব পিস বিভাগের ফেসবুক পেজ (www.facebook.com/groups/471547383003759), বাংলাদেশ স্কাউটস এর ফেসবুক পেজ এবং www.scout.org এ পোস্ট করবে। একই সাথে www.scout.org ওয়েবসাইট ভিজিটের মাধ্যমে তারা সারা বিশ্বের অন্যান্য দেশসমূহের কার্যক্রম সম্পর্কে অবহিত হবে।
৬. **Good Turn a day** : শুধুমাত্র একটি নির্দিষ্ট দিন নয় বরং সারাবছরব্যাপী ভাল কাজ করার জন্য যুব বয়সীদের উৎসাহিত করার জন্য প্রচারনা চালানো যেতে পারে। যার মাধ্যমে একটি বিশ্ব রেকর্ড করা যায় যে, যুব বয়সী বৃহত্তম সংখ্যক ছেলে মেয়েরা সকলের জন্য ভাল কাজ করে।
৭. **Community Service** : স্বল্প বা দীর্ঘমেয়াদী সমাজসেবা বা প্রকল্প গ্রহণ করা যার মাধ্যমে সমাজের সকলের সাহায্যের জন্য সুযোগ খুঁজে বের করা যায়।
৮. **One-day Peace Gathering** : আন্তর্জাতিক শান্তির গুরুত্ব সম্পর্কে মতবিনিময় ও মধ্যস্থতার বিষয়ে একটি একদিনের শান্তি সমাবেশ আয়োজন করা যেতে পারে।
৯. **Blood Donation** : মানুষে মানুষে শান্তির বার্তা ছরিয়ে দেওয়ার অভিপ্রায়ে ‘রক্ত দিন, জীবন বাঁচান’ এই প্রতিপাদ্যে আন্তর্জাতিক শান্তি দিবসে রক্তদান কর্মসূচি আয়োজন করা যেতে পারে। এর মাধ্যমে মানুষকে রক্তদানে উদ্বুদ্ধকরণের পাশাপাশি রক্তদানের উপকারীতা জনগণকে অবহিত করা যেতে পারে। এ ছাড়াও শান্তির পায়রা তৈরী কর্মসূচি আয়োজন করতে পারে। ‘আন্তর্জাতিক শান্তি দিবস’ উদযাপন বিষয়ে যেকোন প্রয়োজনে নিম্নোক্ত ব্যক্তিদের সাথে যোগাযোগ করা যেতে পারে।

ক) জনাব জুবায়ের ইউসুফ, ন্যাশনাল কোর্ডিনেটর, এমওপি, বাংলাদেশ স্কাউটস (ইমেইল: jubaireusuf@yahoo.com মোবাইল: ০১৯১১৩৮০৯৩৮)

খ) জনাব মো: ইকবাল হোসেন, সহকারী পরিচালক(এমওপি), বাংলাদেশ স্কাউটস (iqbaljubd@gmail.com মোবাইল: ০১৭৩৯৫০১৪০৯)

বাংলাদেশ স্কাউটস এর অঞ্চল, জেলা, উপজেলা ও ইউনিটসমূহকে নিজ নিজ উদ্যোগে আগামী ২১ সেপ্টেম্বর ২০১৯ তারিখ বিশেষ গুরুত্বের সাথে ‘আন্তর্জাতিক শান্তি দিবস’ উদযাপন করে কর্মসূচি বাস্তবায়নের সচিব প্রতিবেদন আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জাতীয় সদর দফতরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(আরশাদুল মুকসিদ্দিক)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস।

বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
২. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
৩. আঞ্চলিক পরিচালক/উপ-পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
৪. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;
৫. জেলার দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ স্কাউটস;
৬. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/ জেলা রোভার;
৭. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা।

সদয় জ্ঞাতার্থেঃ

১. প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
২. ন্যাশনাল কো-অর্ডিনেটর, ম্যাসেঞ্জার অব পিস, বাংলাদেশ স্কাউটস।

